

জ্যাঁ জ্যাক্স রুশো (Jean Jacques Rousseau) : (১৭১২ — ১৭৭৮)

পৃথিবীতে অজস্র শিক্ষাবিদেদের ভিড়ে যাঁর নাম সর্বাগ্রে স্মরণীয় তিনি হলেন প্রকৃতিবাদী শিক্ষার জনক ও বিখ্যাত ফরাসী দার্শনিক রুশো। তার আবির্ভাব মানুষকে নতুন করে ভাবতে শিখিয়েছে। একথা বলাই বাহুল্য যে, তাঁর স্বাধীনতা, সাম্য ও মৈত্রীর আদর্শের উপর আজকের গণতন্ত্রের মূল ভিত্তিটি প্রতিষ্ঠিত। তিনি প্রচলিত শিক্ষার অসংসারশূন্যতাকে উপলক্ষি করেছিলেন যথার্থভাবে। তাই তিনি এর বিরুদ্ধে প্রতিবাদে সোচ্চার হয়েছিলেন। তিনি যে শুধু প্রতিবাদ করেই ক্ষান্ত ছিলেন তা নয়, তিনি এর প্রতিবাদ স্বরূপ একটি নতুন শিক্ষা পদ্ধতিরও প্রবর্তন করেছিলেন। এইজন্য তিনি শিক্ষাক্ষেত্রে চিরস্মরণীয় হয়ে আছেন।

সংক্ষিপ্ত জীবনী : ১৭১২ সালে ফ্রান্সের জেনেভা শহরে জন্ম গ্রহণ করেন Jean Jacques Rousseau। শৈশবেই তিনি মাতৃহারা হন। গ্রাম্য স্কুলে তাঁকে ভর্তি করা হলেও স্কুলের পড়াশোনা তাঁর ভাল লাগতো না। তাই তিনি স্কুল পরিত্যাগ করে ভবঘুরে জীবনযাপন করতে থাকেন। এরপর ২৯ বছর বয়সে তিনি ভলতেয়ারের সংস্পর্শে আসেন বলে তাঁর জীবনে অনেক পরিবর্তন আসে। ১৭৬২ সালে তাঁর লেখা 'Social Contract' এবং শিক্ষানীতির উপর লেখা 'Emile' গ্রন্থ প্রকাশিত হয়। কিন্তু Emile প্রকাশিত হবার পর থেকেই তাঁর ভাগ্য বিপর্যয় শুরু হয়। এরপর তিনি কিছুটা নিঃস্ব অবস্থায় ফ্রান্স ত্যাগ করে সুইজারল্যান্ডে চলে আসেন। অবশেষে ১৭৭৮ সালে তাঁর মৃত্যু হয়।

জীবনদর্শন : রুশোর জীবনদর্শন সম্পূর্ণরূপে তার ব্যক্তিগত জীবনের সাফল্য ব্যর্থতার উপর প্রতিষ্ঠিত। তিনি প্রচলিত শিক্ষাব্যবস্থার বিরোধী ছিলেন। তিনি এ সম্পর্কে বলেছেন, "Everything is good as it comes from the hands of nature, but everything degenerates in the hands of man". অর্থাৎ তিনি বলেছেন যে, মানুষ যখন জন্মগ্রহণ করে তখন তার মন থাকে নিষ্পাপ, কিন্তু সমাজই তাকে কলুষিত করে। তাই শিশুকে সমাজের পাপাচার থেকে মুক্ত করে প্রকৃতির কোলে স্থাপন করতে হবে।

শিক্ষাদর্শন : রুশোর শিক্ষাদর্শন অনেকাংশেই তার জীবনদর্শন দ্বারা প্রভাবিত। শিক্ষা সম্পর্কে তাঁর মতবাদ অতি সহজ, সরল। তিনি বলেছেন যে, এমন অনেক জ্ঞান